

কীভাবে একটি Amalgamated সেভ ফর কলেজ ব্যাংক অ্যাকাউন্ট খুলবেন



কলেজের জন্য সঞ্চয় করার অনেক উপায় আছে। NYC Kids RISE প্রত্যেক পরিবারকে তাদের জন্য সবচেয়ে ভালো বিকল্পটি বেছে নিতে উৎসাহিত করে। কলেজ ও কর্মজীবনের জন্য সঞ্চয়ের বিকল্পগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য nyckidsrise.org/options দেখুন অথবা একটি সেভ ফর কলেজ প্রোগ্রাম (Save for College Program) ওয়ার্কশপে যোগ দিন।

আপনার পরিবারের জন্য উপলব্ধ কলেজ সেভিংস বিকল্পগুলির মধ্যে একটি হল **Amalgamated সেভ ফর কলেজ ব্যাংক অ্যাকাউন্ট**।

- » এটি Amalgamated Bank এ একটি পরম্পরাগত সেভিংস অ্যাকাউন্ট, যেটির মালিক হলেন একজন মা-বাবা/ অভিভাবক বা পরিবারের অন্য কোনও সদস্য, এবং এটিতে সুবিধাভোগী হিসেবে একটি শিশুর নাম থাকে।
- » এই অ্যাকাউন্টটি পরিবারগুলিকে একটি বিমাকৃত আর্থিক প্রতিষ্ঠানে সঞ্চয় করতে দেয় এবং অ্যাকাউন্টে তাদের জমা করা অর্থের উপর সুদ উপার্জন করতে দেয়। ব্যাংক দেউলিয়া হয়ে যাওয়ার ক্ষেত্রে, আপনার অর্থ \$250,000 পর্যন্ত বিমা করা আছে।¹
- » এই অ্যাকাউন্টের অর্থের উপর সুদ উপার্জন করা যায়, এবং সুদটি করযোগ্য।
- » এই অ্যাকাউন্টের সাথে কোনও মাসিক রক্ষণাবেক্ষণ ফি সংশ্লিষ্ট নেই। তবে, এই অ্যাকাউন্টে কিছু ট্রানজ্যাকশন ফি আছে। আরও তথ্যের জন্য, 800-662-0860 নম্বরে Amalgamated Bank এ ফোন করুন অথবা শাখায় ফি এর তালিকাটি চান।

¹আমানতের ওপরে বিমার স্ট্যান্ডার্ড আওতার সীমা হল প্রতি আমানতকারী পিছু \$250,000, ফেডারাল ডিপোজিট ইন্সিওরেন্স কর্পোরেশন (Federal Deposit Insurance Corporation, FDIC) দ্বারা বিমাকৃত ব্যাংক প্রতি, মালিকানা শ্রেণী প্রতি। বিভিন্ন মালিকানার শ্রেণীতে রাখা আমানতগুলিকে অন্ততঃ \$250,000 পর্যন্ত পৃথকভাবে বিমা করা হয়, এমনকি যদি একই ব্যাংকে রাখা হয় তাহলেও।

এই ধরনের অ্যাকাউন্ট খুলতে আমার কী কী প্রয়োজন?

অ্যাকাউন্টের মালিক হিসাবে, আপনার নিম্নলিখিত তথ্যের প্রয়োজন হবে:

- » একটি বৈধ সামাজিক সুরক্ষা নম্বর (Social Security Number), স্বতন্ত্র করদাতা সনাক্তকরণ নম্বর (Individual Taxpayer Identification Number), বা W8 সার্টিফিকেশন।
- » কোনও ফেডারাল বা স্টেট সরকারী সংস্থা দ্বারা জারি করা একটি বৈধ ফটো আইডি, বা একটি IDNYC মিউনিসিপাল আইডি। আপনি যদি একটি IDNYC কার্ড ব্যবহার করেন, তাহলে ঠিকানার অতিরিক্ত প্রমাণ প্রয়োজন, যেমন একটি কেবল বা ইউটিলিটি বিল।
- » আপনার ঠিকানা ও জন্ম তারিখ।
- » আপনার সন্তানের নাম, ঠিকানা ও জন্ম তারিখ।
- » আপনার ইমেল অ্যাড্রেস (সুপারিশকৃত)।

আমি কীভাবে এই ধরনের অ্যাকাউন্ট খুলতে এবং সংযুক্ত করতে পারি?

- » এই ধরনের অ্যাকাউন্ট খুলতে, নিউ ইয়র্ক সিটিতে Amalgamated Bank এর যে কোনও শাখায় যান এবং Amalgamated Bank সেভ ফর কলেজ ব্যাংক অ্যাকাউন্ট খোলার জন্য অনুরোধ করুন। শাখাগুলির তালিকাটি পরবর্তী পৃষ্ঠায় দেখুন।

চলছে →

- » আপনি অনলাইনে বা ফোনের মাধ্যমে এই অ্যাকাউন্টটি খুলতে পারবেন না।
- » তবে, আপনার অ্যাকাউন্ট খোলা হয়ে গেলে, আপনি আপনার অ্যাকাউন্টটি পরিচালনা করতে অনলাইন এবং মোবাইল ব্যাংকিং উভয় অ্যাক্সেসের জন্য সাইন আপ করতে পারেন। অনলাইন অ্যাক্সেসের জন্য, ব্যাঙ্কের ওয়েবসাইট, amalgamatedbank.com এ নথিভুক্ত হোন।
- » এই অ্যাকাউন্ট খোলার প্রক্রিয়া চলাকালীন আপনি আপনার অ্যাকাউন্টের তথ্য NYC Kids RISE-এর সাথে শেয়ার করতে সম্মত হয়ে, আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্টের (NYC Scholarship Account) সাথে এই অ্যাকাউন্টটি সংযুক্ত করতে পারেন।

কোন ভাষায় সহায়তা পাওয়া যায়?

- » সমস্ত শাখায় ইংরেজিতে কথা বলা হয়, এবং Amalgamated Bank এর সমস্ত কাগজপত্র ইংরেজিতে দেওয়া হবে।
- » ফোনে এবং কখনও কখনও শাখাতেও স্প্যানিশ ভাষায় সহায়তা পাওয়া যায়। আরও তথ্যের জন্য নির্দিষ্ট শাখায় কল করুন।

আমি কি অনলাইনে বা ফোনের মাধ্যমে একটি অ্যাকাউন্ট খুলতে পারি?

- » না, এই সময়ে পারবেন না।

আমি কীভাবে এই অ্যাকাউন্ট সম্পর্কে আরও তথ্য পেতে পারি?

- » Amalgamated Bank এর সাথে যোগাযোগ করুন: 800-662-0860 নম্বরে।
- » [আপনার কাছে](#) একটি Amalgamated Bank এর শাখায় যান।
- » nykidsrise.org/options দেখুন।

নিউ ইয়র্ক সিটি এবং NYC শিক্ষা বিভাগ (NYC Department of Education) NY 529 প্রোগ্রাম ম্যানেজার এবং কোনো নির্দিষ্ট কলেজ সঞ্চয় বা অন্যান্য বিনিয়োগের মাধ্যম সম্পর্কে কোন সমর্থন বা সুপারিশ প্রদান করে না এবং তা নিয়ন্ত্রণ করে না, এর মালিক নয় বা এর সাথে সম্বন্ধযুক্ত নয়, এর মধ্যে সেগুলিও অন্তর্ভুক্ত যেগুলি সম্পর্কে পরিবারগুলি সেভ ফর কলেজ প্রোগ্রামের মাধ্যমে জানতে পারে।

নিউ ইয়র্ক সিটিতে Amalgamated Bank এর শাখা

আপনি এই স্থানগুলিতে একটি Amalgamated সেভ ফর কলেজ ব্যাংক অ্যাকাউন্ট খুলতে পারেন এবং সংযুক্ত করতে পারেন:

Union Square
10 East 14th Street
New York, NY 10003
212-823-8708

Co-op City
2067 Bartow Ave.
Bronx, NY 10475
718-671-1800

Bedford-Stuyvesant
1212 Fulton Street
Brooklyn, NY 11216
718-510-9001